স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন
২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং
তারিখ ৬/৭/২৩
স্বাক্ষর

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
(স্থানীয় সরকার শাখা)
www.mymensingh.gov.bd

স্মারক নং-০৫.৪৫.৬১০০.০১৫.৩৩.০১৪.২৩-৫৬১ তারিখ ঃ ০৫.০৭.২০২৩ খ্রি.।

**বিষয় ঃ পরিদর্শন ও দর্শনের প্রমাপ বিবরণী প্রেরণ।**

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-১ শাখা, ঢাকা এর ২৪.০৯.২০১৭ খ্রি. তারিখের৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০১৬-১৭৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারীর পরিদর্শন ও দর্শনের প্রমাপ সংক্রান্ত জুন, ২০২৩ মাসের বিবরণী নিম্নোক্ত ছক মোতাবেক মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

A.O
পেশ করুন।
১১.৭.২৩

**ছক**

| ক্রঃনং | কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনকৃত | | দর্শনকৃত | | প্রমাপ | | পরিদর্শন মোট | দর্শন মোট | প্রমাপ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | প্রতিষ্ঠান | প্রকল্প | প্রতিষ্ঠান | প্রকল্প | পরিদর্শন | দর্শন | | | অর্জিত হয়েছে | অর্জিত হয়নি |
| ০১ | **মোঃ সফিকুল ইসলাম** উপপরিচালক স্থানীয় সরকার ময়মনসিংহ | ০৭টি | ০৪টি | ০৭ | ০৬ | ১১ (উন্নয়ন প্রকল্পসহ) | ১৩ (উন্নয়ন প্রকল্পসহ) | ১১টি | ১৩টি | হ্যাঁ | -- |

উল্লিখিত দপ্তর ও উন্নয়ন প্রকল্প দর্শন ও পরিদর্শন ছাড়াও পৌরসভা ও ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিলের বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্প সরজমিনে পরিদর্শন ও দর্শন অব্যাহত রয়েছে।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

স্থাসবিঃ মনিটরিং-৩ শাখা
ডায়রী নং- ২৭৮
তারিখ- ১৬/৭/২৩

05.07.2023
(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
ফোন- ০২৯৯৬৬-৬৪৩৫১
e-mail : ddlgmymen@gmail.com

সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃঃআঃ সিনিয়র সহকারী সচিব, মনিটরিং-৩ শাখা)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ০৫/৭/২৩
নম্বর ৪৫৭

**অনুলিপি ঃ** সদয় অবগতির জন্য।

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

(মনিটরিং- (১/২/৩)
(মূল্যায়ন- (১/২/৩)
নম্বর-
তারিখ-
যুগ্মসচিব

স্থানীয় সরকার বিভাগ
মহাপরিচালকের দপ্তর
১) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-১) | ১) পরিকল্পনা-১/২/৩
২) যুগ্মসচিব (পরিঃ অধিঃ-২) | ২) মনিটরিং-১/২/৩
৩) যুগ্মসচিব (মও মূ) | ৩) মূল্যায়ণ-১/২/৩
৪) পরিচালক-১ | ৪) পরিদর্শন
৫) পরিচালক-২
ডাইরী নং
তারিখঃ
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
(স্থানীয় সরকার শাখা)

## ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন ৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদ অফিস পরিদর্শন প্রতিবেদন।

| | | |
|---|---|---|
| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | মোঃ সফিকুল ইসলাম<br>উপপরিচালক<br>স্থানীয় সরকার, ময়মনসিংহ। |
| পরিদর্শনের তারিখ | ঃ | ১৪.০৬.২০২৩ খ্রিঃ। |
| পরিদর্শনের সময় | ঃ | বেলা ২:০০ ঘটিকা। |

১৪/০৬/২০২৩ খ্রি. তারিখ গফরগাঁও উপজেলাধীন ৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদ পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ইউপি চেয়ারম্যান, ইউপি সচিব, ইউপি সদস্যবৃন্দ, উদ্যোক্তা ও গ্রামপুলিশগন উপস্থিত ছিলেন।

০১। **অবস্থান পরিচিতি ঃ**

ময়মনসিংহ জেলা সদর হইতে প্রায় ৩৯ কি.মি. দক্ষিণে এবং গফরগাঁও উপজেলার ৩ কি.মি. পশ্চিমে ৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদ কার্যালয়টি অবস্থিত। দক্ষিণে গফরগাঁও ইউনিয়ন, পূর্বে গফরগাঁও পৌরসভা, পশ্চিমে রাওনা ইউনিয়ন, উত্তরে যশরা ইউনিয়ন অবস্থিত। বর্তমানে ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্থায়ী কার্যালয় হতে পরিচালিত হচ্ছে।

০২। **এক নজরে ৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদ ঃ**

| | | |
|---|---|---|
| আয়তন | ঃ | ১৮.৭৪ বর্গ কি.মি.। |
| লোক সংখ্যা | ঃ | ৩১,৪১৭০ জন। |
| খানা | ঃ | ৬৫৭৫ টি। |
| মৌজা | ঃ | ১৪ টি |
| গ্রাম/পাড়া | ঃ | ১৪ টি। |
| উচ্চ বিদ্যালয় | ঃ | ০৩ টি। |
| দাখিল মাদ্রাসা | ঃ | ০৩টি। |
| সরকারী প্রাথমিক বিদ্যালয় | ঃ | ১০ টি। |
| শিক্ষার হার | ঃ | ৭১%। |
| পাকা রাস্তা | ঃ | ২৪ কি.মি. (প্রায়)। |
| কাঁচা রাস্তা | ঃ | ০৭ কি.মি.। |
| মসজিদ | ঃ | ৮২ টি। |
| শ্মশান | ঃ | ০১ টি। |
| ঈদগাহ মাঠ | ঃ | ১৮ টি। |
| কমিউনিটি ক্লিনিক | ঃ | ০৫ টি। |
| পেশা জীবি সংগঠন | ঃ | ০৩ টি। |
| রাইস মিল | ঃ | ১০ টি। |
| শিল্প প্রতিষ্টান ইটভাটা | ঃ | ০২টি |
| এনজিও | ঃ | ০৩টি |

০৩। **জনবল কাঠামো ঃ**

এ ইউনিয়ন পরিষদে অনুমোদিত পদের বিপরীতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী নিম্নরূপঃ

| ক্রমিক নং | পদবী | মঞ্জুরীকৃত পদ | কর্মরত | শূন্য পদ |
|---|---|---|---|---|
| ০১ | ইউপি সচিব | ০১ | ০১ | -- |
| ০২ | দফাদার | ০১ | ০১ | -- |
| ০৩ | মহল্লাদার | ০৯ | ০৭ | ০২ |

**মন্তব্যঃ** বিধি মোতাবেক মহল্লাদারের শূন্য পদ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো এবং চাকুরীর খতিয়ান বহি হালনাগাদ করার জন্য ইউপি সচিবকে নির্দেশ দেয়া হলো।

(চলমান পাতা..../২)

০৪। **অফিস ব্যবস্থাপনাঃ**

অত্র ইউনিয়ন পরিষদ কার্যালয় নিয়মিত খোলা ও চালু রাখা হয় এবং জাতীয় পতাকা উত্তোলন কর হয়। চেয়ারম্যান নিয়মিত অফিস করেন ও বিভিন্ন সভায় নিয়মিত উপস্থিত থাকেন মর্মে ইউপি সচিব জানান।

**মন্তব্য ঃ** অফিস ব্যবস্থাপনা ভাল। অফিস ব্যবস্থাপনায় আরো মনোযোগী হওয়ার জন্য ইউপি সচিবকে পরামর্শ দেয়া হলো।

০৫। **নথি ব্যবস্থাপনাঃ**

০৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদের নথি ব্যবস্থাপনার মান সন্তোষজনক। সচিব ও গ্রাম পুলিশগণের পৃথক নথি খোলা আছে এবং চাকুরীর খতিয়ান বহি হালনাগাদ আছে।

**মন্তব্যঃ** সরকারী চিঠিপত্র প্রাপ্তির সাথে সাথে নথির মাধ্যমে উপস্থাপন করে নিস্পত্তি করার জন্য ইউপি সচিবকে পরামর্শ প্রদান করা হলো।

০৬। **রেজিস্টার সমুহঃ**

(ক) **পত্র প্রাপ্তি ও পত্র জারি রেজিস্টারঃ**

অত্র পরিষদে ব্যবহৃত পত্র প্রাপ্তি ও পত্র জারি রেজিস্টার দেখলাম। পত্র প্রাপ্তি ও পত্র জারি রেজিস্টার প্রত্যয়ন করা আছে। পত্র প্রাপ্তি রেজিস্টারে দেখা যায় যে, ০১/০১/২০২৩ হতে ১৪/০৬/২০২৩ তারিখ পর্যন্ত ২৯টি পত্র এন্ট্রি আছে। পত্র জারি রেজিস্টারে ৪২ টি পত্র জারি আছে।

**মন্তব্যঃ** বিভিন্ন দপ্তর/ কার্যালয় হতে প্রাপ্ত সকল পত্র প্রাপ্তি রেজিস্টারে এন্ট্রি করে বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য ইউপি সচিবকে নির্দেশ দেয়া হলো।

(খ) **গার্ড ফাইল ঃ**

গার্ড ফাইলটি দেখলাম। প্রত্যয়ন করা আছে। পরীক্ষান্তে দেখা যায়, বিভিন্ন সময়ে জারিকৃত পরিপত্র/সার্কুলার গার্ড ফাইলে সংরক্ষণ করা হচ্ছে না।

**মন্তব্যঃ** সরকারী গুরুত্বপূর্ণ চিঠি / পরিপত্র ক্রমানুসারে বিধি মোতাবেক গার্ড ফাইলে যত্ন সহকারে সংরক্ষণ করার জন্য ইউপি সচিবকে পরামর্শ দেয়া হলো।

(গ) **গ্রাম আদালতঃ**

০৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদে নিয়মিতভাবে গ্রাম আদালত পরিচালিত হয় মর্মে ইউপি চেয়ারম্যান জানান। পূর্বে অনিস্পন্ন মামলার সংখ্যা ০৩টি। ১৪জুন, ২০২৩ মাসে দায়েরকৃত ০২টি মামলাসহ মোট মামলার সংখ্যা ০৫টি । তন্মধ্যে ০২টি মামলা নিস্পত্তি করা হয়েছে এবং ০৩টি মামলা চলমান/পেন্ডিং রয়েছে। সপ্তাহে প্রতি বৃহস্পতিবার গ্রাম আদালত পরিচালিত হয় মর্মে চেয়ারম্যান জানান।

**মন্তব্যঃ** গ্রাম আদালতে বিধি মোতাবেক মামলা গ্রহণ ও নিস্পত্তি করার জন্য ইউপি চেয়ারম্যান/সদস্যগনকে অনুরোধ করা হলো এবং মাসিক প্রতিবেদন যথাসময়ে কর্তৃপক্ষ বরাবর প্রেরণের জন্য ইউপি সচিবকে নির্দেশ প্রদান করা হলো।

(ঘ) **ট্রেড লাইসেন্স রেজিস্টারঃ**

ট্রেড লাইসেন্স রেজিস্টারটি দেখলাম। পৃষ্টানম্বরসহ প্রত্যয়ন করা আছে। ২০২২-২০২৩ অর্থবছরে মোট ১৩৭টি ট্রেড লাইসেন্স ইস্যু করা হয়েছে। লাইসেন্স ফি বাবদ ৬৩,৫০০/- টাকা আদায় করা হয়েছে। আদায়কৃত অর্থ বিধিমোতাবেক সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করা হয়েছে মর্মে ইউপি সচিব জানান।

**মন্তব্যঃ** লাইসেন্স প্রদানের ক্ষেত্রে লাইসেন্স ফি বাবদ আদায়কৃত টাকা ব্যাংকে জমা করে বিধি মোতাবেক খরচ করার জন্য চেয়ারম্যান ও ইউপি সচিবকে পরামর্শ প্রদান করা হলো।

(ঙ) **এসেসমেন্ট রেজিস্টার ঃ**

এসেসমেন্ট রেজিস্টারটি দেখলাম। পৃষ্টানম্বরসহ প্রত্যয়ন করা আছে। পরীক্ষান্তে দেখা যায় যে, ২০২১-২০২২ অর্থবছরে মডেল ট্যাক্স সিডিউল মোতাবেক এসেসমেন্ট করা হয়েছে। এসেসমেন্ট মোতাবেক মোট খানার সংখ্যা-৬৫৭৫টি এবং বার্ষিক মোট ধার্য্যকৃত ট্যাক্স ৬,০৪,০০০/- টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরে বকেয়াসহ হাল দাবি- ১২,৩৭,৫৭০/- টাকা এবং চলতি অর্থবছরে ১৪/০৬/২০২৩ তারিখ পর্যন্ত আদায় হয়েছে ১,৮৬,৫৭০/- টাকা। উক্ত অর্থ দ্বারা ইউপির সদস্যদের সম্মানী ভাতা ও নিজস্ব খাতে ব্যয় করা হয়েছে মর্মে ইউপি চেয়ারম্যান জানান।

**মন্তব্য ঃ** পরিষদের নিজস্ব আয় বৃদ্ধিকল্পে শতভাগ ট্যাক্স আদায়পূর্বক সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করতে হবে এবং ওয়ারিশান সনদ, নাগরিকত্ব সনদ, ট্রেড লাইসেন্স, জন্ম ও মৃত্যু নিবন্ধনসহ পরিষদ কর্তৃক অন্যান্য সেবা প্রদান কালীন সময় সেবা গ্রহিতার ট্যাক্স পরিশোধ রয়েছে কি না: সে বিষয়টি নিশ্চিতকরণের জন্য ইউপি সচিবকে পরামর্শ প্রদান করা হলো

(চলমান পাতা....../৩)

তাছাড়া কর নিরুপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটিসহ সকল কমিটির নিয়মিত সভা আহবান এবং ইউনিয়ন পরিষদের রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন পরিষদসমূহকে নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে অনুরোধ করা হলো। তাছাড়া তাঁর আওতাধীন সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য ও ইউপি সচিবের সমন্বয়ে শতভাগ ট্যাক্স আদায়, স্থায়ী কমিটি সচল আছে কিনা, গ্রাম আদালত কার্যক্রম ও জন্ম-মৃত্যু নিবন্ধনের অগ্রগতি বিষয়ে মতবিনিময় সভা করার জন্যও অনুরোধ করা হলো।

(চ) **ক্যাশ বহিঃ**

ইউনিয়ন পরিষদের সাধারণ ক্যাশ বহি পরীক্ষা করা হলো। পৃষ্ঠা নম্বরসহ প্রত্যয়ন করা আছে। উক্ত ক্যাশবহিতে ট্যাক্স ও ট্রেড লাইসেন্স ফি বাবদ আদায়কৃত অর্থ জমা করা হয় এবং ১২/০৬/২০২৩ তারিখ পর্যন্ত ক্যাশবহি লিখা আছে। সকল লেনদেন ব্যাংকের মাধ্যমে করা হয় মর্মে ক্যাশ বহি দৃষ্টে দেখা যায়। ব্যাংকে স্থিতি নিজস্ব তহবিল ১৫০০/- টাকা মাত্র। যা ব্যাংক বিবরণীর সাথে মিল রয়েছে।

**মন্তব্যঃ** ইউনিয়ন পরিষদের বিভিন্ন খাতে আদায়কৃত টাকা ব্যাংকে জমা করে ইউপি সভার সিদ্ধান্ত ও বিধি মোতাবেক খরচ করার জন্য ইউপি চেয়ারম্যান এবং সচিবকে অনুরোধ করা হলো।

০৭। **স্ট্যান্ডিং কমিটিঃ**

এ ইউনিয়ন পরিষদে সরকারী পরিপত্র মোতাবেক স্ট্যান্ডিং কমিটি গঠন করা হয়েছে। ষ্ট্যান্ডিং কমিটির নথিপত্র পর্যবেক্ষণ করা হলো। পরীক্ষান্তে দেখা যায়, স্ট্যান্ডিং কমিটি সমূহের সভা নিয়মিত অনুষ্ঠিত হয়নি। সরকারী পরিপত্র মোতাবেক স্ট্যান্ডিং কমিটির সকল সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন পরিষদের সাধারণ সভায় আলোচনার জন্য প্রেরণ করতে হবে।

**মন্তব্যঃ** সরকারী পরিপত্র মোতাবেক স্ট্যান্ডিং কমিটির সকল সভা নিয়মিতভাবে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন পরিষদের সাধারণ সভায় আলোচনার জন্য প্রেরণ করতে হবে। তাছাড়া ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভা ও পরিপত্রের আলোকে গঠিত অন্যান্য সকল কমিটিসমূহের সভা নিয়মিত করা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যান/সদস্যগণ ও সচিবকে নির্দেশ দেয়া হলো।

০৮। **ইউপি বাজেটঃ**

২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট দেখলাম। উন্মুক্ত সভার মাধ্যমে ২,২৪,৩৫,২৩০/- টাকার বাজেট ঘোষণা করা হয় এবং ইউপি সভায় অনুমোদনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের বরাবরে বাজেটের অনুলিপি প্রেরণ করা হয়েছে মর্মে ইউপি সচিব জানান। তাছাড়া ২০২৩-২০২৪ অর্থ বছরে উন্মুক্ত সভার মাধ্যমে ২,৩৮,৭১,১৯১/- টাকার বাজেট ঘোষণা করা হয় এবং ইউপি সভায় অনুমোদন সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের বরাবরে বাজেটের অনুলিপি প্রেরণ করা হয়েছে মর্মে ইউপি সচিব জানান।

**মন্তব্যঃ** ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট অনুযায়ী সকল আয়-ব্যয় সম্পাদন করার জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবকে অনুরোধ করা হলো।

০৯। **স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% অর্থ দ্বারা গৃহীত প্রকল্পের তথ্যঃ**

০৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদের স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% এর বরাদ্দ সংক্রান্ত নথিটি দেখলাম। পরীক্ষান্তে দেখা যায়, ২০২২-২০২৩ অর্থ বছরে ১% বাবদ অত্র পরিষদে ২৪,৫৬,৩৫০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে মর্মে ইউপি সচিব জানান। উক্ত বরাদ্দ দ্বারা ০৮টি প্রকল্প গ্রহণ করে তা বাস্তবায়ন করা হয়েছে মর্মে ইউপি চেয়ারম্যান জানান।

**মন্তব্যঃ** স্থাবর সম্পত্তি হস্তান্তর কর ১% এর বরাদ্দ দ্বারা সম্পন্নকৃত প্রকল্পের নথিপত্র সংরক্ষণের জন্য ইউপি সচিবকে নির্দেশ প্রদান করা হলো।

১০। **এডিপি:** এডিপি বরাদ্দ সংক্রান্ত নথিটি দেখলাম। ২০২২-২০২৩ অর্থ বছরে এডিপি খাতে ৪,০০,০০০/-টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং উক্ত বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে ইউপি চেয়ারম্যান জানান। উল্লেখ্য, এডিপি প্রকল্পের তদারকী ও অর্থ ছাড় প্রক্রিয়া উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে সম্পাদিত হয় মর্মে ইউপি সচিব জানান।

**মন্তব্য ঃ** ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির বরাদ্দ দ্বারা বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

১১। **ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল ঃ**

ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল বরাদ্দ সংক্রান্ত নথিটি দেখলাম। নথি দৃষ্টে দেখা যায় যে, ৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদের অনুকূলে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে ০২কিস্তিতে মোট ১০,৭১,৪০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত অর্থ দ্বারা ০৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্প তালিকা এমআইএস করে বাস্তবায়ন কাজ চলমান রয়েছে মর্মে ইউপি চেয়ারম্যান ও সদস্যবৃন্দ জানান।

**মন্তব্যঃ** ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা তহবিল এর অর্থ দ্বারা গৃহীত প্রকল্পসমূহ বিধিমোতাবেক বাস্তবায়ন করে ডিডিএলজির অবগতি সাপেক্ষে অর্থ ছাড় করার জন্য ইউপি চেয়ারম্যান/ইউপি সচিবকে পরামর্শ দেয়া হলো। তাছাড়া বাস্তবায়িত প্রকল্পসমূহের বিল ভাউচার নথিতে সংরক্ষণ করার জন্য ইউপি সচিবকে নির্দেশ প্রদান করা হলো।

(চলমান পাতা..../০৪)

১২। **ইউনিয়ন ডিজিটাল সেন্টার ঃ**

এ ইউনিয়ন পরিষদে ডিজিটাল সেন্টারের কার্যক্রম চালু রয়েছে। তথ্য ও সেবা কেন্দ্র স্থাপনের মূল লক্ষ্য তথ্য প্রযুক্তির মাধ্যমে জনগণের দোড়গোড়ায় সেবা পৌছে দেয়া, যাতে সকল সেবা স্বল্পমূল্যে পেতে পারে তার লক্ষ্যে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে মর্মে ইউপি চেয়ারম্যান জানান।

**মন্তব্য ঃ** ইউনিয়ন ডিজিটাল সেন্টারটি যাতে আরও সুন্দরভাবে চলে এবং একই জায়গা থেকে জনগণ যাতে সকল সেবা স্বল্পমূল্যে পেতে পারে, সে জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের পরিচালকগণকে সার্বিক সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবকে অনুরোধ করা হলো। তাছাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয় ব্যয়ের প্রতিবেদন নিয়মিত প্রেরণ করার জন্য পরিচালকগণকে অনুরোধ করা হলো।

১৩। **জন্ম নিবন্ধনঃ**

অত্র পরিষদের জন্ম নিবন্ধন ক্যাশ বহি ও রেজিস্টার দেখলাম। এ পরিষদে রশিদমূলে সরকার নির্ধারিত হারে জন্ম নিবন্ধনের ফি আদায় ও সরকারী কোষাগারে জমা দেয়া হয়। ক্যাশ বহি দৃষ্টে দেখা যায়, ২০২২-২০২৩ অর্থ বছরের ১২/০৬/২০২৩ তারিখ পর্যন্ত জন্ম নিবন্ধন ফি বাবদ আদায়কৃত ৮২,৩০০/- টাকা। আদায়কৃত অর্থ চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করা হয়েছে (যা চালানের সাথে মিল রয়েছে)। তাছাড়া অত্র ইউনিয়নে এ পর্যন্ত জন্ম নিবন্ধনের সংখ্যা ২৮২৭০ জন এবং মৃত্যু নিবন্ধনের সংখ্যা ৬১৮ জন। মে/২০২৩ মাসে ০-৪৫ দিন বয়সের জন্ম নিবন্ধন ১৪টি, ৪৬-৩৬৫ দিন বয়সের জন্ম নিবন্ধন ০৫টি এবং ০-৪৫ দিনের মধ্যে মৃত্যু নিবন্ধন ৯টি, ৪৬-৩৬৫ দিন বয়সের কোন মৃত্যু নিবন্ধন হয়নি।

**মন্তব্যঃ** জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে প্রত্যাশিত নিবন্ধন সম্পন্ন করতে হবে এবং জন্ম-মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ যথাযথ ভাবে অনুসরণপূর্বক জন্ম ও মৃত্যু নিবন্ধন করার জন্য ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হলো।

১৪। **সাধারণ মন্তব্যঃ**

ক. পরিষদের নিজস্ব আয় বৃদ্ধিকল্পে শতভাগ ট্যাক্স আদায় নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যান ও ইউপি সদস্যগণকে অনুরোধ করা হলো।

খ. বিধি মোতাবেক গ্রাম আদালত পরিচালনার জন্য ইউপি চেয়ারম্যান/সদস্যগণকে অনুরোধ করা হলো।

গ. সরকারী পরিপত্র মোতাবেক স্ট্যান্ডিং কমিটিসহ অন্যান্য সকল কমিটির সভা নিয়মিত অনুষ্ঠানের জন্য ইউপি চেয়ারম্যান ও সচিবকে অনুরোধ করা হলো।

ঘ. অফিস ব্যবস্থাপনায় আরো মনোযোগী হওয়ার জন্য ইউপি সচিবকে অনুরোধ করা হলো।

20.06.2023

(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
ফোন ঃ ০২৯৯৬৬৬৪৩৫১
e-mail : ddlgmymen@gmail.com

স্মারক নং- ০৫.৪৫.৬১০০.০১৫.৩৩.০১৪.২৩-৪৬৯/১(৭) তারিখঃ ২০.০৬.২০২৩ খ্রি.।

**অনুলিপিঃ** সদয় অবগতির জন্য-

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

**অনুলিপিঃ** জ্ঞাতার্থে /কার্যার্থে-

০৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৫। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৬। চেয়ারম্যান, ৪নং সালটিয়া ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।

20.06.2023
উপপরিচালক
স্থানীয় সরকার, ময়মনসিংহ।